# মুজিববর্ষের কর্মসূচিতে ব্যয় প্রায় ৯৮৩ কোটি টাকা: সংসদে অর্থমন্ত্রী




আমীর খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

রোববার (১২ জুলাই) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে রংপুর-৩ আসনের সংসদ সদস্য মাহবুবুর রহমান বেলালের এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য তুলে ধরেন। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

সংসদ সদস্য তার প্রশ্নে জানতে চান, মুজিববর্ষ উপলক্ষে জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত বিভিন্ন কর্মসূচি, বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও বেদি নির্মাণ, সরকারি দপ্তরে ব্রোঞ্জ, তামা ও মার্বেল পাথরের ভাস্কর্য স্থাপন এবং রাষ্ট্রীয়ভাবে সময় গণনার ডিজিটাল বোর্ড তৈরিতে সরকারের মোট ব্যয় কত হয়েছে এবং এ ব্যয়ের বিষয়ে কোনো পর্যালোচনা বা ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা রয়েছে কি না।

জবাবে অর্থমন্ত্রী জানান, মুজিববর্ষ উদযাপন সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের মাধ্যমে মোট ৯৮২ কোটি ৯১ লাখ ৭৪ হাজার টাকা ব্যয় করা হয়েছে।

তিনি আরও জানান, এ ব্যয়ের খাতভিত্তিক বিবরণ সম্বলিত একটি প্রতিবেদন সংসদে উপস্থাপন করা হয়েছে, যেখানে মুজিববর্ষ উদযাপন উপলক্ষে গৃহীত বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির ব্যয়ের হিসাব সংযুক্ত রয়েছে।

LENS ASIA